বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১০/২০১৭

তারিখঃ ২১/০৩/১৪২৪ বং
০৫/০৭/২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ কৃষি ও পল্লী ঋণের সুদের হার পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১১/২০১৬ তারিখ ২৯/০৬/২০১৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখ ১৪/০৬/২০১৬ এর নির্দেশনা মোতাবেক কৃষি ও পল্লী ঋণের সুদ হারের উর্ধ্বসীমা ১১% এর পরিবর্তে ১০% এ নির্ধারণ করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে উপরোক্ত পরিপত্রের মাধ্যমে কৃষি ও পল্লী ঋণের আওতাভুক্ত শস্য, মৎস্য, প্রাণীসম্পদ, কৃষি যন্ত্রপাতি, দারিদ্র বিমোচন ইত্যাদি কতিপয় খাতে সুদহার ১০% এ নির্ধারণ করা হয়েছিল। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখ ২২/০৬/২০১৭ এর নির্দেশনা মোতাবেক কৃষি খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি ও প্রকৃত কৃষকদের কাছে ঋণ সহজলভ্য করার লক্ষ্যে আমানত ও ঋণের সুদ হারের নিম্নমুখী প্রবণতা বিবেচনায় অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে কৃষি ও পল্লী ঋণের সুদ হারের উর্ধ্বসীমা ১০% এর পরিবর্তে ৯% এ পূনঃনির্ধারণ করা হয়। পরিবর্তিত সুদহার পরিশিষ্ট "ক" মোতাবেক জারী করা হলো।

০৩। পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১১/২০১৬ তারিখ ২৯/০৬/২০১৬ বাতিলপূর্বক পূনঃনির্ধারিত সুদ হার ০১/০৭/২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

০৪। অত্র পরিপত্রের কোন বিষয়ে সংশয় দেখা দিলে বা অস্পষ্টতা অনুভূত হলে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ-১ এর সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৯৫৭৪৭৩৭

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৮)অংশ-০৮/২০১৭-১৮/০৯(১২৫০)

তারিখঃ -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **কৃষি ও পল্লী ঋণের সুদের হার পুনঃ নির্ধারণ পূর্বক ব্যাংকের কৃষি ও পল্লী ঋণের সুদের হার নির্ধারণ সংক্রান্ত পরিপত্রখানি ব্যাংকের ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৬। স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৮। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আগ্রাবাদ/চট্টগ্রাম/কাওরান বাজার/খুলনা/সিলেট/বনানী/নারায়নগঞ্জ কর্পোরেট শাখাসমূহ।
৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি / মহানথি।

(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

পরিশিষ্ট-'ক'

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ক্রেডিট বিভাগ-১

### কৃষি ও পল্লী ঋণের সুদের হার পূনঃনির্ধারণ (০১/০৭/২০১৭ তারিখ হতে কার্যকর)

| | বিনিয়োগের খাত | প্রচলিত সুদ হার ০১/০৭/২০১৬ তারিখ হতে | ০১/০৭/২০১৭ তারিখ হতে কার্যকর সুদ হার |
|---|---|---|---|
| ১। | কৃষি ঋণঃ (বাৎসরিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য) | | |
| | ক. শস্য ঋণ (বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ঋণ কর্মসূচীর আওতায় আবর্তনশীল শস্যসহ অন্যান্য ফসল) | ১০% | ৯% |
| | খ. ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য প্রদত্ত ঋণ) (সরকারের নিকট হতে সুদ ভর্তুকী আদায়ের ক্ষেত্রে) | ৪% | ৪% |
| | গ. বি এ ডি সি'র সাথে চুক্তিবদ্ধ চাষীদের ঋণ | ১০% | ৯% |
| | ঘ. তুলা চাষ | ১০% | ৯% |
| | ঙ. ফুল চাষ | ১০% | ৯% |
| | চ. মাশরুম চাষ | ১০% | ৯% |
| | ছ. কলা চাষ | ১০% | ৯% |
| | জ. পান বরজ | ১০% | ৯% |
| | ঝ. রেশম পোকা চাষ | ১০% | ৯% |
| | ঞ. নার্সারী ও উদ্যান উন্নয়ন | ১০% | ৯% |
| | ট. ফলের বাগান (হর্টিকালচার) | ১০% | ৯% |
| | ঠ. নারিকেল ও সুপারী চাষ | ১০% | ৯% |
| | ড. গ্রামীন অর্থ সংস্থান কর্মসূচী, আলু উৎপাদনের জন্য আদর্শ প্রকল্প (কেবল মাত্র ঢাকায়) | ১০% | ৯% |
| | ঢ. বাউকুল ও আপেল কুল চাষ | ১০% | ৯% |
| | ণ. ভূমিহীন ও বর্গা চাষীদের অনুকূলে গ্রুপ ভিত্তিক শস্য ঋণ | ১০% | ৯% |
| | ত. লবণ চাষ | ১০% | ৯% |
| | থ. লবন উৎপাদন (ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গা লবন চাষীদের প্রদত্ত ঋণ যার জন্য বাংলাদেশ ব্যাংক এ সুদ ক্ষতির ভর্তুকী দাবী পেশ করতে হবে) | ৪% | ৪% |
| | দ. অন্যান্য ফসল | ১০% | ৯% |
| ০২। | মৎস্য সম্পদঃ | | |
| | ক. মৎস্য চাষ | ১০% | ৯% |
| | খ. চিংড়ি চাষ (গলদা চিংড়ি ও বাগদা চিংড়ি) | ১০% | ৯% |
| | গ. ঘের পদ্ধতিতে গলদা চিংড়ি চাষ (পরিচালন ব্যয়) স্বল্প মেয়াদী | ১০% | ৯% |
| | ঘ. জলমহাল ব্যবস্থাপনা ও মৎস্য আহরণ | ১০% | ৯% |
| | ঙ. সামুদ্রিক মৎস্য আহরণ | ১০% | ৯% |
| | চ. কৃষি ব্যাংক মৎস্য পল্লী নামীয় বিশেষ মৎস্য ঋণ | ১০% | ৯% |
| | ছ. মৎস্য ও চিংড়ি হ্যাচারী | ১০% | ৯% |
| ০৩। | প্রাণী সম্পদঃ | | |
| | ক. ছাগল পালন | ১০% | ৯% |
| | খ. গরু মোটাতাজাকরণ | ১০% | ৯% |
| | গ. হালের বলদ/মহিষ ক্রয় | ১০% | ৯% |
| | ঘ. গাভী পালন/দুগ্ধ খামার | ১০% | ৯% |
| | ঙ. হাঁস-মুরগী পালন/খামার | ১০% | ৯% |
| | চ. মিশ্র খামার | ১০% | ৯% |
| | ছ. ছাগল/ভেড়া পালন | | |

| | | | |
|---|---|---|---|
| | ১. ব্রিডিং ফার্ম | ১০% | ৯% |
| | ২. রেয়ারিং ফার্ম | ১০% | ৯% |
| ০৪। | **খামার ও সেচ যন্ত্রপাতিঃ** | | |
| | ক. খামার যন্ত্রপাতি (ট্রাক্টর, পাওয়ার টিলার, হারভেষ্টার ইত্যাদি) | ১০% | ৯% |
| | খ. সকল সেচ যন্ত্রপাতি | ১০% | ৯% |
| ০৫। | **বাংলাদেশ ব্যাংকের নির্দেশিত মেয়াদী কৃষি ঋণের আওতাভুক্তঃ** | | ৯% |
| | ক. গ্রামীন পরিবহন (নৌকা, রিক্সা, ভ্যান, গরুর গাড়ী ইত্যাদি) | ১০% | ৯% |
| | খ. অন্যান্য মেয়াদী কৃষি ঋণ | ১০% | ৯% |
| | | | |
| ০৬। | **আর্থসামাজিক কর্মকান্ডঃ**<br>**(বাৎসরিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)** | | |
| | ক. ছাগল উৎপাদনের মাধ্যমে দারিদ্র বিমোচন কর্মসূচী | ১০% | ৯% |
| | খ. ক্ষুদ্র কৃষক ও ভুমিহীন শ্রমিক উন্নয়ন প্রকল্প (এসএফডিপি) | ১০% | ৯% |
| | গ. মহিলাদের গাভী পালন ঋণ কর্মসূচী | ১০% | ৯% |
| | ঘ. দারিদ্র বিমোচনে যৌথ গরু মোটাতাজাকরণ কর্মসূচী | ১০% | ৯% |
| | ঙ. গ্রামীন মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প | ১০% | ৯% |
| | চ. ব্লাক বেঙ্গল ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ব্রীডিং ফার্ম স্থাপনে ঋণদান কর্মসূচী | ১০% | ৯% |
| | ছ. ভেষজসহ সকল প্রকার গাছগাছড়ার নার্সারী স্থাপন | ১০% | ৯% |
| | জ. উদ্যান উন্নয়ন | ১০% | ৯% |
| | ঝ. ফলজ ও বনজ বৃক্ষ উৎপাদন | ১০% | ৯% |
| | ঞ. বাঁশ উৎপাদন | ১০% | ৯% |
| | ট. ভেষজ বাগান তৈরী | ১০% | ৯% |
| | ঠ. নারিকেল বাগান | ১০% | ৯% |
| | ড. পাটিপাতা | ১০% | ৯% |
| | ঢ. বেত উৎপাদন | ১০% | ৯% |
| | ণ. মাশরুম ঋণ | ১০% | ৯% |
| | ত. পশু সম্পদ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প | ১০% | ৯% |
| | থ.মৎস্য সম্পদ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প | ১০% | ৯% |
| ০৭। | **অন্যান্য বিশেষ কর্মসূচীঃ**<br>**(ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)** | | |
| | ক. আদর্শ দুগ্ধ খামার | ১০% | ৯% |
| | খ. শগঋপ (শস্য গুদাম ঋণ প্রকল্প) | ১০% | ৯% |

**মন্তব্যঃ**

(ক) পূনঃ নির্ধারিত সুদ হার ০১/০৭/২০১৭ হতে কার্যকর হবে। অত্র পরিপত্রে উল্লেখিত খাতসমুহ ব্যতিত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৪/২০১৬ তারিখ ২৫/০৭/২০১৬ ও সার্কুলার লেটার নং প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৮) অংশ-৭(৩)/২০১৬-১৭/৬২০(১২০০) এ বর্ণিত অন্যান্য খাতের সুদহার অপরিবর্তিত থাকবে।

05/07/2017
(মোঃ শরিফুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা

০৫.৭.২০১৭.
(খায়রুন্নেসা আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক